উত্তর দিনাজপুর জেলা পরিষদ

কর্ণজোড়া : রায়গঞ্জ

**বিজ্ঞপ্তি**

স্মারক সংখ্যা : ৬৪০/উ.দি.জে.প./রিসোঃ মোবিঃ/XX/জলাশয় পরিচালন/২০১৭/০০১ দিনাঙ্ক :১১/০২/২০২১

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন নিম্নলিখিত **পুকুর**/বিল/জলাশয় জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে **২৪ শে জুন, ২০২১ থেকে ২৩শে জুন, ২০২৪** পর্যন্ত ইজারা বিলির জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। উক্ত পুকুর/বিল/জলাশয় ইজারা নিতে ইচ্ছুক কো-অপারেটিভ সোসাইটি/ পার্টনারশিপ ফার্ম/ স্ব-নির্ভর গোষ্ঠী (কো-অপারেটিভ সোসাইটি/ পার্টনারশিপ ফার্ম বলতে পশ্চিম বঙ্গ ভূমি ও ভূমি সংস্কার ম্যানুয়াল ১৯৯১ - এর ২৬৬ ধারা অনুযায়ী গঠিত কো-অপারেটিভ সোসাইটি/ পার্টনারশিপ ফার্ম বোঝাবে) এবং ব্যক্তি বিশেষকেও লীজে অংশ গ্রহনের সুযোগ দেওয়া হবে। উক্ত লীজে উল্লিখিত সময়ে ও স্থানে নিজ নিজ আবেদনপত্র সাদা কাগজে অথবা নিজস্ব প্যাডে লিখে জেলা পরিষদের নির্ধারিত বাক্সে জমা দিবেন।

প্রকাশ থাকে যে, নিম্নলিখিত পরিমান অর্থ **আমানাত বাবদ অগ্রিম জমা কার্যকাল মেয়াদ পর্যন্ত** রাখতে হবে। যারা আমানত বাবদ অগ্রিম জমা টাকা আবেদনপত্রের সঙ্গে জমা করবেন কেবল মাত্র তাদেরই আবেদনপত্র গ্রাহ্য করা হবে। বায়নার টাকা **উত্তর দিনাজপুর জেলা পরিষদ - এর ক্যাশ সেকশনে** জমা করতে পারবেন।

| | | |
|---|---|---|
| পুকুর/বিল/জলাশয়ের নাম | : | **নিডাভা পুকুর, দুর্লভপুর গ্রাম পঞ্চায়েত, ইটাহার, পঃ সঃ,** |
| আমানত বাবদ অগ্রিম জমা | : | টা. ৬০,০০০.০০ (ষাট হাজার টাকা) মাত্র। |
| ন্যূনতম দর | : | টা. ২,৩০,০০০.০০ (দুই লক্ষ ত্রিশ হাজার টাকা) মাত্র। |

| | | |
|---|---|---|
| আবেদনপত্র জমা দেওয়ার তারিখ/সময় | : | ১২/০২/২০২১ থেকে ২২/০২/২০২১ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত। |
| আবেদনপত্র খোলার তারিখ/সময়/স্থান | : | ২২/০২/২০২১ বেলা ৩.৩০ ঘটিকা, সচিব, উ.দি.জে.প.-এর কক্ষ। |

**বিভিন্ন শর্তাবলী নিম্নে দেওয়া হ'ল :**

২। উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন সংশ্লিষ্ট তালিকায় পুকুর/বিল/জলাশয় **২৪ শে জুন, ২০২১ থেকে ২৩শে জুন, ২০২৪** পর্যন্ত ইজারা বন্দোবস্ত দেওয়া হবে। জলাশয়ের জন্য সর্ব্বোচ্চ দর সেই জলাশয়ের ঐ সময়ের জন্য খাজনা ধার্য্য হবে।

৩। প্রথম সর্ব্বোচ্চ দরদাতাকে **২৮/০২/২০২১** তারিখের মধ্যে ডাকের অর্থ জেলা পরিষদে জমা করতে হবে। যদি সময়মত ডাকের সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে ২য় সর্ব্বোচ্চ দরদাতাকে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। অনুরূপ ভাবে দ্বিতীয় সর্ব্বোচ্চ দরদাতাও যদি সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে তৃতীয় সর্ব্বোচ্চ দরদাতাকে সুযোগ দেওয়া হবে এবং এই প্রক্রিয়া চলতে থাকবে। তবে যদি পাশাপাশি দরদাতার মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে বা ১ম, ২য় এবং ৩য় সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ণ দরের অর্থ মিটিয়ে দিতে অপারগ হন, তবে সে ক্ষেত্রে জেলাপরিষদ কর্তপক্ষ ডাক-প্রক্রিয়াটি বাতিল ব'লে ঘোষণা করতে পারবেন। সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ন অর্থ জমা না দিলে আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্ত করা হবে এবং ২য় ও ৩য় ডাককারীকে অনুরূপ সুযোগ দেওয়া হবে। আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্তের ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে।

২য় পৃষ্ঠা দ্রষ্টব্য

কোন কারণ না দেখিয়ে দর গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে এবং সে ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত ব'লে গণ্য হবে।

যে সব দরদাতা জলাশয় দখলের সুযোগ পাওয়ার পর জলাশয় নিতে অস্বীকার করবেন তাদের আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্ত করা হবে। কোন প্রকার প্রতারণার জন্য ভারতীয় দন্ডবিধি অনুসারে দন্ডনীয় হবেন এবং জলাশয় নিলাম হ'লে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তিনি দায়ী থাকবেন।

যদি কোন দরদাতা নিজ নাম গোপন করে কাল্পনিক নামে আবেদন করেন অথবা নোটিশের বা এগ্রিমেন্টের শর্ত অথবা জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তবে তিনি আইনানুসারে দন্ডনীয় হবেন।

যিনি/ যারা ইজারাদার নিযুক্ত হবেন তিনি/ তারা ইজারা পাবার ০৭ (সাত) দিনের মধ্যে টাঃ ২০.০০ (কুড়ি টাকা) মাত্র এর নন জুডিশিয়াল স্ট্যাম্পে জেলা পরিষদের নির্দিষ্ট চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করবেন অন্যথায় পুকুর, বিল বা জলাশয়ের দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি এই পরোয়ানা না নিয়ে পুকুর, বিল বা জলাশয়ের দখল করবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হবেন।

পূর্বতন ইজারাদারের টাকা বাকি থাকলে তিনি দরপত্র জমা করতে পারবেন না।

**পুকুর/বিল/জলাশয় সংক্রান্ত শর্তাবলী ও নিয়ম কানুন নিম্নরূপ :**

(ক) পুকুর, বিল বা জলাশয়ের প্রাকৃতিক ভারসাম্য তথা বাস্তুরীতি বজায় রাখতে হবে।

(খ) জলাশয়ে কোনো প্রকার অপচনশীল আর্বজনা (প্লাস্টিক, থার্মকল, ঔষধের মোড়ক ইত্যাদি) তথা কোনো প্রকার নোংরা ফেলা যাবে না।

(গ) পার্শ্ববর্তী বসতি থেকে কোনো পয়ঃপ্রণালীর জল জলাশয়ে যাতে না পড়ে সে দিকে সর্বদা নজর রাখতে হবে।

(ঘ) পুকুর, বিল বা জলাশয় শুধুমাত্র মাছ চাষ এবং কৃষি সেচের জন্য ব্যবহার করা যাবে।

(ঙ) পুকুর, বিল বা জলাশয়ের পাড়ে কোনো পাকা নির্মান কার্য করা যাবে না।

(চ) পুকুর, বিল বা জলাশয়ের ক্ষতি হয় এমন কোনো রাসায়নিক পদার্থ ব্যবহার করা যাবে না।

(ছ) পুকুর, বিল বা জলাশয় সর্বদা কচুরিপানা মুক্ত রাখতে হবে।

11/3/21

সচিব

উত্তর দিনাজপুর জেলা পরিষদ

স্মারক সংখ্যা : ৮৪০/১(১৭)/উ.দি.জে.প/রিসোঃ মোবিঃ/XX/জলাশয় পরিচালন/২০১৭/০০১ দিনাঙ্ক : ১১/০২/২০২১

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল -

১। সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
২। নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৩। পুলিশ সুপার, উত্তর দিনাজপুর।
৪। সহকারী সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৬। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজপুর ।
৭। মহকুমা শাসক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর ।
৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, উত্তর দিনাজপুর ।
৯। বিত্ত নিয়ামক ও মূখ্যগনন আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১০। কর্মাধ্যক্ষ, পূর্ত-কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১১। কর্মাধ্যক্ষ, বন-ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১২। মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর ।
১৩। নির্বাহী আধিকারিক, ইটাহার পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৪। প্রধান, ৪ নং দুর্লভপুর গ্রাম পঞ্চায়েত, ইটাহার, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৫। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর।
১৬। নোটিশ বোর্ড, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১৭। ডি. আই. এ., উত্তর দিনাজপুর জেলা পরিষদ। আপনাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিষয়টি সম্প্রচার করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সচিব 11/02/21
উত্তর দিনাজপুর জেলা পরিষদ